# 2021

( Held in 2022 )

## BENGALI

( Honours )

Paper : BEN–HC–1026

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) " 'রূপের পাথারে আঁখি ডুবি সে রহিল' পদটি দর্শনজাত পূর্বরাগের পদ।" মন্তব্যটি অশুদ্ধ না শুদ্ধ ?

(খ) "পরিজন বচন মুগধি সম হাসই"

'মুগধি' শব্দের অর্থ লেখো।

(গ) গদ্যরূপ লেখো : মৈলান।

(ঘ) অন্নদা কার ছদ্মবেশ ধরে ব্যাসদেবকে ছলনা করেন ?

(ঙ) "দামাল ছাবাল দুটি অন্ন চাহে ভূমে লুটি।"

'ছাবাল' শব্দের অর্থ কী ?

(চ) "ভূতনাথ ভূতসাথ _____ নাশিছে।"

শূন্যস্থান পূর্ণ করো।

(ছ) বর্গী আক্রমণের সঙ্গে জড়িত সেনাপতির নাম কী?

(জ) 'গিরি, এবার আমার উমা এলে, আর উমা পাঠাব না' পদটি শাক্তপদাবলির কোন্ পর্যায়ের অন্তর্গত?

(ঝ) "বিছায়ে বাঘের ছাল, দ্বারে বসে মহাকাল" এখানে 'মহাকাল' কাকে বলা হয়েছে?

(ঞ) "আমি ভাবিয়ে ভবের রীত হয়েছি পাষাণী গো।" উক্তিটি কার?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) শূন্যস্থানে উপযুক্ত শব্দ বসাও :

"_____ চাহিতে _____ বেড়ল
মানিক হারানু হেলে।"

(খ) "গুমান হইল গুঁড়া না মিলিল খুদ কুঁড়া
ফিরিনু সকল পাড়া পাড়া।"

কে, কাকে বলেছেন?

(গ) "দেখ দেখ অহে নন্দি ব্যাসের দুর্দৈব!
ছিল গোঁড়া বৈষ্ণব, হৈল গোঁড়া শৈব।"

বক্তা কে? কাব্যাংশটি 'অন্নদামঙ্গল' কাব্যের কোন্ শিরোনামের অন্তর্গত?

(ঘ) "রাণী ভাসে প্রেম জলে, দ্রুতগতি চলে,
খসিল কুন্তলভার।"

'রাণী' কে? 'কুন্তল' শব্দের অর্থ কী?

(ঙ) "কত বিরিঞ্চি বাঞ্ছিত ঐ পদ,
তুমি তনয়া ভেবেছ যারে"

কে, কাকে একথা বলেছেন?





৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোন চারটি) : ৫×৪=২০

(ক) আক্ষেপানুরাগ কাকে বলে? তোমার পঠিত পদ অবলম্বনে বুঝিয়ে দাও।

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

"রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর।
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর॥"

(গ) 'অন্নদামঙ্গল' কাব্য অবলম্বনে হর-গৌরীর কোন্দল অংশের বর্ণনা দাও।

(ঘ) 'অন্নদামঙ্গল' কাব্যের অন্তর্গত 'শিববিবাহযাত্রা' অংশে যে ঘটনাগুলো ঘটেছে তার বিবরণ দাও।

(ঙ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

"শুনেছি নারদের ঠাঁই, গায়ে মাখে চিতা ছাই,
ভূষণ ভীষণ তার, গলে ফণীহার।
এ-কথা কহিব কায়, সুধা ত্যজি বিষ খায়,
কহ দেখি এ কোন বিচার॥"

(চ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

"রতন ভবন মোর আজি হৈল অন্ধকার,
ইথে কি রহিবে দেহে এ-ছার জীবন!
এইখানে দাঁড়াও উমা, বারেক দাঁড়াও মা!
তাপের তাপিত তনু ক্ষণেক জুড়াও গো।"

৪। (ক) তোমার পঠিত পদ অবলম্বনে 'বৈষ্ণব পদাবলি'র অভিসার পর্যায়ে গোবিন্দদাসের কৃতিত্ব বিচার করো। ১০

*অথবা*

(খ) পূর্বরাগ কাকে বলে? তোমার পঠিত জ্ঞানদাসের পদ অবলম্বন করে পূর্বরাগের স্বরূপ বিশ্লেষণ করো। ৪+৬=১০

৫। (ক) ‘‘শরীর করিনু ক্ষয় তোমারে ভাবিয়া।
কি গুণ বাড়িল তব ব্যাসেরে ছলিয়া॥’’

ব্যাসদেব কখন এবং কাকে একথা বলেছিলেন? প্রসঙ্গটি বিশদ করে এই উক্তিতে ব্যাসদেবের ট্র্যাজিক অনুভূতিটি বিশ্লেষণ করো। ৩+৭=১০

*অথবা*

(খ) ‘‘শিব ও অন্নপূর্ণার সংসারের যে ছবি এঁকেছেন কবি, সেখানেও দেখা যায় নীরন্ধ্র দারিদ্র্য।’’ তোমার পঠিত কাব্যাংশ থেকে উদাহরণ দিয়ে ‘অন্নদামঙ্গল’ কাব্য সম্বন্ধে সমালোচকের এই উক্তির যাথার্থ্য নির্ণয় করো। ১০

৬। (ক) গৌরাঙ্গ-বিষয়ক পদ ও গৌরচন্দ্রিকার পদের মধ্যে পার্থক্য কী তা তোমার পঠিত ‘বৈষ্ণব পদাবলী’ গ্রন্থের পদ অবলম্বনে বুঝিয়ে দাও। ১০

*অথবা*

(খ) ভারতচন্দ্রকে কেন যুগসন্ধির কবি বলা হয়? ‘অন্নদামঙ্গল’ কাব্য থেকে উপযুক্ত উদাহরণ দিয়ে এই অভিধার যুক্তিযুক্ততা বিশ্লেষণ করো।

৭। (ক) তোমার পঠিত ‘শাক্তপদাবলী’ অবলম্বনে আগমনী-বিষয়ক পদের ভাবসৌন্দর্য বিশ্লেষণ করো। ১০

*অথবা*

(খ) তোমার পঠিত ‘শাক্তপদাবলী’ অবলম্বনে সাধক কমলাকান্তের প্রতিভার বিচার করো।

★ ★ ★